

বার্ষিক অডিট কি  
এবং কেন অডিটের প্রয়োজন ?  
বন্ডেড ওয়্যার হাউসের প্রকৃতি অনুযায়ী  
অডিটের ধরন এবং কোন অডিট কাস্টমস  
বন্ড কমিশনারেটের কোন শাখা বা  
কর্মকর্তা দ্বারা সম্পাদিত হবে ?

প্রতিষ্ঠানটির বার্ষিক আমদানি-রপ্তানির  
খতিয়ানসহ আনুষঙ্গিক বিষয়াদি  
পর্যালোচনা করে প্রতিষ্ঠানটির সঠিক  
মূল্যায়নই হচ্ছে অডিট। বন্ডেড  
প্রতিষ্ঠানসমূহ গুরুমুক্তভাবে কাঁচামাল  
আমদানির অধিকার সংরক্ষণ করে বিধায়  
আমদানিকৃত কাঁচামাল দ্বারা উৎপাদিত সমুদয় পণ্য  
রপ্তানির মাধ্যমে সরকারী রাজস্ব সুরক্ষিত হচ্ছে কি-না  
তা নিশ্চিতকল্পে বন্ডেড প্রতিষ্ঠানসমূহ অডিট করা  
প্রয়োজন।

প্রতিষ্ঠানের ধরন অনুযায়ী শতভাগ সরাসরি রপ্তানিমুখী পোষাক শিল্প প্রতিষ্ঠানের অডিট, এ দপ্তরের  
১৮/০৩/২০০৩ তারিখের অফিস আদেশ দ্বারা গঠিত গার্মেন্টস বন্ড অডিট ভিভিশনে পদস্থ অডিট  
কর্মকর্তা দ্বারা সম্পাদিত হয়। অন্য সকল প্রতিষ্ঠানের অডিট সংশ্লিষ্ট বন্ড অফিসার কর্তৃক সম্পাদিত হয়।